

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৯৯

শান্তিরবাজার, ১৯ ডিসেম্বর, ২০২৩

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক প্রাণীসম্পদ বিকাশ ও মৎস্য দপ্তরের পর্যালোচনা সভা

গ্রামীণ অর্থনীতির বিকাশে সরকার অগ্রাধিকার দিয়ে

পরিকল্পনা রূপায়ণ করছে : প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী

গ্রামীণ এলাকার মানুষের আর্থ সামাজিক মান উন্নয়নে প্রাণীপালন ও মৎস্যচাষের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এই ক্ষেত্রগুলিকে গ্রামীণ অর্থনীতির বিকাশে সরকার অগ্রাধিকার দিয়ে পরিকল্পনা রূপায়ণ করছে। আজ বিলোনীয়ার সার্কিট হাউসে প্রাণীসম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক এক পর্যালোচনা সভায় প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। পর্যালোচনা সভায় তিনি বলেন, প্রাণীসম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের প্রকল্প ও পরিষেবার সুবিধা জেলার প্রান্তিক মানুষের কাছে পৌঁছে দিতে হবে। এই কাজে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের দায়িত্ব নিয়ে পরিকল্পনা রূপায়ণ করতে হবে। প্রকল্পগুলির সুফল জনগণ পাচ্ছে কিনা সেদিকে দপ্তর আধিকারিকদের নজর রাখতে হবে। পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফু মগ, বিধায়ক স্বপ্না মজুমদার, বিধায়ক দীপঙ্কর সেন, বিধায়ক অশোক মিত্র, শান্তিরবাজার ও বিলোনীয়া পুরপরিষদের এবং সাব্রুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সনগণ।
